ভর্তি বিজ্ঞপ্তি: অ্যাডভান্সড স্ক্রিনরাইটিং কোর্স

যৌথ পরিচালনায়: টেলিভিশন, ফিল্ম অ্যান্ড ফটোগ্রাফি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ইরান ইয়ুথ সিনেমা সোসাইটি এবং ইরান কালচারাল সেন্টার

চলচ্চিত্রের ভাষা, নান্দনিকতা ও আন্তর্জাতিক মানের চিত্রনাট্য নির্মাণের প্রায়োগিক জ্ঞান অর্জনের লক্ষ্যে অভিজ্ঞ চিত্রনাট্যকার ও চলচ্চিত্র নির্মাতাদের জন্য শুরু হতে যাচ্ছে বিশেষ 'অ্যাডভান্সড স্ক্রিনরাইটিং কোর্স'। উক্ত কোর্সে ইরানের ইয়ুথ সিনেমা সোসাইটির যৌথ উদ্যোগে টেলিভিশন, ফিল্ম ও ফটোগ্রাফি বিভাগের শিক্ষার্থীদের বিশ্বমানের চলচ্চিত্র ব্যাকরণ, চিত্রনাট্য বিশ্লেষণ এবং পেশাদার স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের স্ক্রিপ্ট নির্মাণের প্রশিক্ষণ প্রদান করা হবে। এই কোর্সের মধ্য দিয়ে **প্রত্যেক অংশগ্রহণকারীর একটি করে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের চিত্রনাট্য প্রস্তুত হবে**। পরবর্তীতে, শিক্ষার্থীদের আগ্রহ ও চিত্রনাট্যের মানের উপর ভিত্তি করে উক্ত চিত্রনাট্যসমূহ থেকে চলচ্চিত্র নির্মাণের উদ্দেশ্যে প্রয়োজনীয় কোর্স যুক্ত হতে পারে।

কোর্সের উদ্দেশ্য ও বিবরণ	আবেদন ও বাছাই প্রক্রিয়া	গুরুত্বপূর্ণ তারিখ ও তথ্য
মোট সময়কাল: ৪০ ঘণ্টা (১০টি তাত্ত্বিক ও ব্যবহারিক সেশন) **মূল লক্ষ্য:** সময়-স্থান, এবং বাস্তবসম্মত প্রযোজনা সীমাবদ্ধতা মাথায় রেখে পেশাদার স্বল্পদৈর্ঘ্য চিত্রনাট্য প্রস্তুতি।	**আবেদনপত্রের সাথে জমা দিতে হবে:** • জীবনবৃত্তান্ত (CV) • পূর্ববর্তী ২টি চিত্রনাট্যের নমুনা (ইংরেজি) • প্রস্তাবিত নতুন গল্পের আইডিয়া/সিনপসিস (সর্বোচ্চ ৫০০ শব্দ) **বাছাই:** জমা দেওয়া পোর্টফোলিও এবং ভাইভার ভিত্তিতে সীমিত সংখ্যক প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে। **আবেদনপত্র জমাদান:** https://forms.gle/GMez5dPzvVFca8h98	**আবেদনের শেষ তারিখ:** বুধবার, নভেম্বর ২৫, ২০২৬ **অনলাইন ভাইভায় অংশগ্রহণের জন্য নির্বাচিতদের** তালিকা প্রকাশ: বৃহস্পতিবার, ডিসেম্বর ১০, ২০২৬ **অনলাইন ভাইভা:** শুক্রবার, ডিসেম্বর ১১, ২০২৬ **ক্লাস শুরু:** রবিবার, ডিসেম্বর ১৩, ২০২৬ **ক্লাসের মাধ্যম/স্থান:** অনলাইন

অ্যাডভান্সড স্ক্রিনরাইটিং কোর্স: প্রধান পাঠ্যবিষয়সমূহ

- সিনেমা সেমিওটিক্স: দৃশ্যরূপ, ডায়লগ, শব্দ ও সঙ্গীতের অর্থবহ পুনর্গঠন।

- চিত্রনাট্যে সময় ও ছন্দ: Story time, Dramatic time এবং Screen time-এর সম্পর্ক ও ছন্দের নিয়ন্ত্রণ।
- চরিত্রের গভীরতা ও দ্বন্দ্ব: বহুমাত্রিক চরিত্র নির্মাণ এবং চরিত্রের মনস্তাত্ত্বিক রূপান্তর।
- প্রোডাকশন স্ক্রিনরাইটিং: বাস্তব লোকেশন, অভিনয়শিল্পী ও কারিগরি বাজেটের সাথে চিত্রনাট্যের সমন্বয়।
- সিকোয়েন্স আর্কিটেকচার ও ক্লাইম্যাক্স: ফ্রেইট্যাগের পিরামিড (Freytag's dramatic pyramid) কাঠামো অনুযায়ী দৃশ্য তৈরি।
- সাবটেক্সট ও দৃশ্যমানতা: সংলাপের অপ্রকাশিত অর্থ ও দৃশ্যগত সংহতি।
- লগলাইন ও পিচিং: প্রি ও পোস্ট-প্রোডাকশনের জন্য কার্যকর পিচিং কৌশল।
- কোলাবোরেটিভ রাইটিং ও রিরাইটিং পদ্ধতি: কাটিং, কম্বাইনিং ও সাবস্টিটিউটিং কৌশলে চিত্রনাট্যের চূড়ান্ত পুনর্লিখন।
- প্রশিক্ষণের মধ্য দিয়ে একটি চূড়ান্ত চিত্রনাট্য প্রস্তুতি।

আবেদনের ন্যূনতম যোগ্যতা

- শুধুমাত্র টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- **পূর্ব অভিজ্ঞতা:** আবেদনকারীকে অন্তত **দুটি (২) সম্পন্ন চিত্রনাট্য (ইংরেজি ভাষা)** পোর্টফোলিও হিসেবে জমা দিতে হবে।
- তত্ত্ব ও ব্যবহারিক মিলিয়ে ৪ ঘন্টার অনলাইন ক্লাস, তাই, ধৈর্যশীল ও চলচ্চিত্র নির্মাণে সত্যিকারের আগ্রহী প্রাথীদের অগ্রাধিকার দেয়া হবে।
- মৌলিক ধারণা: চিত্রনাট্যের ব্যাকরণ, গঠন, চরিত্র বিকাশ, দৃশ্যবিন্যাস এবং চলচ্চিত্র নির্মাণের মৌলিক ভাষায় স্পষ্ট ধারণা থাকতে হবে।
- গল্পের প্রাথমিক ধারণা: কোর্সের মধ্য দিয়ে প্রস্তুত করার মতো অন্তত একটি মৌলিক গল্পের আইডিয়া থাকতে হবে, যা কোর্সের কার্যক্রমের মধ্য দিয়ে চিত্রনাট্যে রূপান্তর করা হবে।
- গবেষণা ও পুনর্লিখনের আগ্রহ: চিত্রনাট্যের জন্য প্রয়োজনীয় গবেষণা ও বিশেষজ্ঞ মতামতের ভিত্তিতে চিত্রনাট্য পুনর্লিখন করার মানসিকতা থাকতে হবে।

যোগাযোগ	s.shaon@du.com টেলিভিশন, ফিল্ম অ্যান্ড ফটোগ্রাফি বিভাগ, সামাজিক বিজ্ঞান অনুষদ ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়